# জামালপুর জেলায় কৃষকদের উৎপাদিত আধুনিক জাতের সরিষা তেলের ব্রান্ডিং

জামালপুর জেলা বাংলাদেশের মধ্যে একটি কৃষি সমৃদ্ধ জেলা। এ জেলার মোট আয়তন ১,৩৮,৩৭০ হেক্টর, মোট আবাদী জমি প্রায় ১,০৩,৩৮৩ হেক্টর, তৎমধ্যে ৪১,১৬৫ হেক্টর জমিতে সরিষা আবাদ হয়ে থাকে এবং সরিষার মোট উৎপাদন ৫৬,৮০৮ মে. টন। যা হতে বছরে ২,২৭,২৩২০০ লিটার সরিষা তেল উৎপাদন হয়ে থাকে। একজন প্রাপ্ত বয়স্ক মানুষের দৈনিক ২৫ মিলি হারে তেলের চাহিদার প্রেক্ষিতে বৎসরে জামালপুর জেলায় প্রায় ২২৮১০১০০ লিটার তেলের প্রয়োজন। সে হিসেবে জামালপুর জেলা তেল উৎপাদনে একটি উদ্বৃত্ত জেলা। কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, জামালপুর কৃষক কর্তৃক উৎপাদিত সরিষা তেল এর ব্যবহার বৃদ্ধি, কৃষকদের সাবলম্বী করা ও নিরাপদ ভোজ্য তেলের সরবরাহ বৃদ্ধির লক্ষ্যে তেলজাতীয় ফসলের উৎপাদন বৃদ্ধি প্রকল্পের সহায়তায় সরিষা তেল ব্রান্ডিং এর উদ্যোগ গ্রহন করেছে। আধুনিক জাতের সরিষা তেলের পাশাপাশি বিশ্বমানের ক্যানোলা ব্রান্ডের তেল উৎপাদনের জন্য বারি সরিষা-১৮ চাষ সম্প্রসারণ ও বাজারজাতকরণের জন্য কৃষকদের উদ্বুদ্ধ করছে।

## কৃষকদের উৎপাদিত আধুনিক এবং স্থানীয় জাতের সরিষার তেলের বৈশিষ্ট্য :

### আধুনিক জাত

- এই তেলে ইউরিসিক এসিডের পরিমাণ কম (৬%)
- লিনোলিনিক এসিড (ওমেগা-৩) এর পরিমাণ ৭-৮%
- লিনোলিক এসিড (ওমেগা-৬) এর পরিমাণ ১৪-১৫%
- অলিক এসিড (ওমেগা-৯) এর পরিমাণ ৫৮%
- সরিষায় তেলের পরিমাণ ৪০-৪৪%
- সরিষার জীবনকাল ৭৫-৮৫ দিন
- সরিষার ফলন ১.৫-২.৭ মে.টন/হেক্টর
- খৈলে ক্ষতিকর গ্লুকোসিনোয়েটের পরিমাণ ১৯-২৪ মাইক্রোমোল/গ্রাম
- তেল প্রিজারভেটিভ ছাড়াই বেশি দিন সংরক্ষণ করা যায়
- ক্ষতিকারক কোলেস্টোরেলের পরিমাণ কম
- এই তেল কম ঝাঁঝালো

### স্থানীয় জাত

- ইউরিকি এসিডের পরিমাণ তুলনামূলক ভাবে বেশি (৪০-৪৫%)
- লিনোলিনিক এসিড (ওমেগা-৩) এর পরিমাণ তুলনামূলক কম
- লিনোলিক এসিড (ওমেগা-৬) এর পরিমাণ তুলনামূলক কম
- অলিক এসিড (ওমেগা-৯) এর পরিমাণ তুলনামূলক কম
- সরিষায় তেলের পরিমাণ ৩০-৩৫%
- সরিষার জীবনকাল বেশি
- সরিষার ফলন ০.৮-১ মে.টন/হেক্টর
- ক্ষতিকর গ্লুকোসিনোয়েটের পরিমাণ বেশি
- তেল বেশি দিন সংরক্ষণ করা যায় না
- ক্ষতিকারক কোলেস্টোরেলের পরিমাণ বেশি
- এই তেল বেশি ঝাঁঝালো

## ক্যানোলা ব্রান্ডের তেল

যে ভোজ্য তেলে ইউরিসিক এসিডের পরিমাণ ৩% এর কম, ক্ষতিকর গ্লুকোসিনোয়েটের পরিমাণ ৩০ মাইক্রোমোল/গ্রাম এর নিচে ও ওমেগা-৩ (৯-১০%), ওমেগা-৬ (২০-২৫) এবং ওমেগা-৯(৫৮-৬০) থাকলে তা ক্যানোলা ব্রান্ডের ভোজ্য তেল হিসেবে বিশ্ব বাজাওে বিবেচিত হয়।

## কৃষকের উৎপাদিত ক্যানোলা মানের তেল (বারি সরিষা-১৮) এর বৈশিষ্ট্য :

### ক্যানোলা ব্রান্ডের তেল (বারি সরিষা-১৮)

- এই তেলে ইউরিসিক এসিডের পরিমাণ ১.০৬%
- লিনোলিনিক এসিড (ওমেগা-৩) এর পরিমাণ ৯%
- লিনোলিক এসিড (ওমেগা-৬) এর পরিমাণ ২৪%
- অলিক এসিড (ওমেগা-৯) এর পরিমাণ ৫৮%
- সরিষায় তেলের পরিমাণ ৪০-৪৪%
- সরিষার জীবনকাল ৯৫-১০০ দিন
- সরিষার ফলন ২.১-২.৭ মে.টন/হেক্টর
- খৈলে ক্ষতিকর গ্লুকোসিনোয়েটের পরিমাণ ১৪ মাইক্রোমোল/গ্রাম
- তেল প্রিজারভেটিভ ছাড়াই বেশি দিন সংরক্ষণ করা যায়
- তেলে কোলেস্টোরেলের পরিমাণ কম
- বীজের রং কালো

### সাধারণ সরিষার তেল

- এই তেলে ইউরিকি এসিডের পরিমাণ বেশি
- লিনোলিনিক এসিড (ওমেগা-৩) এর পরিমাণ ৭%
- লিনোলিক এসিড (ওমেগা-৬) এর পরিমাণ ১৫%
- অলিক এসিড (ওমেগা-৯) এর পরিমাণ ২০%
- সরিষায় তেলের পরিমাণ ৩০-৩৫%
- সরিষার জীবনকাল ৭৫-৯০
- সরিষায় তেলের পরিমাণ ৪০-৪৪%
- সরিষার ফলন ০.৮-১ মে.টন/হেক্টর
- খৈলে ক্ষতিকর গ্লুকোসিনোয়েটের পরিমাণ ২৪ মাইক্রোমোল/গ্রাম
- বীজের রং কালো, হলুদ
- ক্ষতিকারক কোলেস্টোরেলের পরিমাণ বেশি
- সরিষার ফলন ০.৮-১.৩ মে.টন/হেক্টর

কৃষির যে কোন সমস্যায় নিকটস্থ উপসহকারী কৃষি কর্মকর্তা/উপজেলা কৃষি অফিস অথবা কৃষি কল সেন্টারের ১৬১২৩ নম্বরে বা কৃষক বন্ধু সেবার ৩৩৩১ নম্বরে কল করে বিশেষজ্ঞদের পরামর্শ দিন।

প্রচারে ঃ কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, জামালপুর।